

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা জজ-এর কার্যালয়, পাবনা

**নিয়োগ বিজ্ঞপ্তি**

পাবনা জজশিপের নিম্নবর্ণিত সহায়ক কর্মচারীর শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে প্রৱণ করার নিমিত্তে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে উচ্চ পদসমূহের বিপরীতে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে নির্ধারিত ফর্মে দরখাস্ত/আবেদনপত্র আহবান করা হচ্ছে।

| ক্রমিক<br>নং | পদের নাম   | পদ সংখ্যা    | বেতন ক্ষেত্র (টাকায়)         | শিক্ষাগত যোগ্যতা   |
|--------------|--|--------------|-------------------------------|--|
| ০১.          | সঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর                 | ০৭ (সাত) টি  | ১০,২০০-২৪,৬৮০/-<br>(গ্রেড-১৪) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নূন্যতম ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিপ্লোমা।<br>(খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) প্রাতিষ্ঠানিক নির্ধারিত গতি পরীক্ষায় (ইংরেজী ও বাংলায় সাঁটলিপিতে যথাক্রমে ৭০ ও ৪৫ এবং টাইপে ৩০ ও ২৫ শব্দ সম্পন্ন) উত্তীর্ণ হতে হবে। |
| ০২.          | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর<br>(নিম্নমান সহকারী) | ০৮ (আট) টি   | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬)  | ক) স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক (এইচ,এস,সি) পরীক্ষায় উত্তীর্ণ/পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতার অধিকারী হতে হবে।<br>খ) তবে, কম্পিউটার চালনায় পারদর্শিতা অর্থাধিকার পাবেন।   |
| ০৩.          | অফিস সহায়ক<br>(এম,এল,এস,এস/পিয়েন)                    | ০৩ (তিনি) টি | ৮,২৫০-২০,০১০/-<br>(গ্রেড-২০)  | ক) অষ্টম শ্রেণী পাশ।<br>খ) তবে, ড্রাইভিং, ইলেকট্রিক্যাল ও অন্যান্য বিশেষায়িত কাজে পারদর্শিতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য হবে।  |

শর্তাবলী

১। উল্লেখিত শূন্য পদসমূহে নিয়োগের ক্ষেত্রে আগ্রহী প্রার্থীগণকে মাননীয় জেলা জজ, পাবনা বরাবর নির্ধারিত ফর্মে চাহিত তথ্যাদিসহ সংযুক্ত প্রবেশপত্র পূরণপূর্বক লিখিত আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ও প্রবেশপত্র <https://pabna.judiciary.gov.bd> হতে ডাউনলোড/সংগ্রহ করা যাবে।

২। আবেদনপত্র আগামী ২৪/০৩/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি জেলা জজ আদালত, পাবনা বরাবর পৌছাতে হবে।

৩। আগামী ইং ০৫/০৩/২০২৫ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট প্রযোজ্য হবে না।

৪। চাকুরিত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ-

ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিনি) কপি রঙিন ছবি।

খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সদনপত্র ও কম্পিউটার বিষয়ে প্রশিক্ষন/অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সংক্রান্ত সনদপত্রের ফটোকপি।

গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদপত্র।

ঙ) জাতীয় পরিচয়পত্র (National ID Card) এর সত্যায়িত অনুলিপি।

৬। খামের উপরে পদের নাম, কোটার নাম (যদি থাকে) ও নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

৭। আবেদনপত্রের সাথে স্পষ্টাক্ষরে আবেদনকারীর নিজস্ব গোষ্ঠাল ঠিকানা ( $৯' \times ৪'$  ইঞ্চি ফেরত খাম) খামের উপর লিপিবদ্ধ করে প্রয়োজনীয় ডাক টিকেট সংযুক্ত করতে হবে।

৮। আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ মাননীয় জেলা জজ, পাবনা এর অনুকূলে সোনালী ব্যাংক এর যে কোন শাখার মাধ্যমে ১-২ নং ক্রমিকের প্রার্থীগণকে ১০০/- (একশত) এবং ৩০নং ক্রমিকের প্রার্থীগণকে ৫০/- (পঞ্চাশ) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

৯। চূড়ান্ত নির্বাচনী (মৌখিক) পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

১০। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও অফিস সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। উপযুক্ত কর্তৃপক্ষ/সরকার কর্তৃক জারীকৃত প্রাসঙ্গিক বিধি-বিধান অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।

১২। কর্তৃপক্ষ যে কোন পদের সংখ্যা ত্বাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। পাবনা জেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগণকে অর্থাধিকার প্রদান করা হবে।

১৪। লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময় পরীক্ষার্থীদের ব্যবহার্য কলম সঙ্গে আনতে হবে। তবে, কোন প্রকার মোবাইল ফোন, ক্যালকুলেটর, ডিজিটাল ঘড়ি প্রভৃতি সঙ্গে রাখা যাবে না।

১৫। লিখিত, মৌখিক বা ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১৬। নিয়োগ প্রক্রিয়ার যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে গণ্য হবে।

১৭। আবেদনপত্র প্রাপ্তি শেষে প্রার্থীগণের নির্বাচনী পরীক্ষাসহ নিয়োগ প্রক্রিয়া সংক্রান্ত হালনাগাদ যে কোন তথ্য বা বিজ্ঞপ্তি সময়ে সময়ে ওয়েব সাইটে (<https://pabna.judiciary.gov.bd>) এবং জেলা জজ আদালতের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

স্বাক্ষরিত/-  
চেয়ারম্যান  
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি  
জেলা জজ আদালত, পাবনা।